

প্রেস রিলিজ

তারিখ: ০৬ অক্টোবর ২০২৬


ম্যাজেন্ডা প্রকল্পের আওতায় বাউবির বিকেন্দ্রীভূত শিক্ষা-সম্পৃক্ত কমিউনিটি
সচেতনতা মডেল উন্মোচন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) আন্তর্জাতিক ম্যাজেন্ডা (MAGENDA) প্রকল্পের আওতায় উন্মুক্ত ও দূরশিক্ষণ ব্যবস্থায় কমিউনিটি সচেতনতা কার্যক্রমের একটি বিকেন্দ্রীভূত ও অংশগ্রহণমূলক মডেল উপস্থাপন করা হয়েছে। মঙ্গলবার (৬ অক্টোবর) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) আয়োজনে ব্র্যাক সিডিএমে অনুষ্ঠিত ম্যাজেন্ডা প্রকল্পের সভায় বাউবির পক্ষ থেকে এ মডেল উপস্থাপন করা হয়।

সভায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান উপস্থিত ছিলেন। তিনি বলেন, “প্রচলিত বিশ্ববিদ্যালয়ে সচেতনতামূলক কার্যক্রম সাধারণত ক্যাম্পাসকেন্দ্রিক হলেও বাউবি একটি বিস্তৃত ও ডিজিটালভাবে সংযুক্ত শিক্ষা ব্যবস্থা। বাউবির শিক্ষার্থীরা দেশের বিভিন্ন প্রান্তে নিজ নিজ বাড়ি, কর্মস্থল ও স্থানীয় কমিউনিটিতে অবস্থান করেন। তাই শিক্ষার্থীদের ক্যাম্পাসে আসার অপেক্ষায় না থেকে সচেতনতামূলক কার্যক্রমকে শিক্ষার্থীদের কাছে পৌঁছে দিতে হবে। বাউবির বিস্তৃত শিক্ষা নেটওয়ার্ককে কার্যকরভাবে কাজে লাগিয়ে লিঙ্গসমতা, অন্তর্ভুক্তি, ডিজিটাল অংশগ্রহণ এবং নিরাপদ ও সম্মানজনক শিক্ষার পরিবেশ বিষয়ে স্থানীয় পর্যায়ে ইতিবাচক সচেতনতা তৈরি করা সম্ভব। এ লক্ষ্যে ডিজিটাল মাধ্যমের পাশাপাশি বাউবির স্টাডি সেন্টার, টিউটর ও শিক্ষার্থী অ্যাসোসিয়েশনের সম্পৃক্ত করা হবে।”

উপাচার্য আরো বলেন, ‘ম্যাজেন্ডা প্রকল্পের টাস্ক ৪.১-এর আওতায় প্রস্তাবিত মডেলটি Reach, Engage, Act ও Sustain এই চারটি ধাপে বাস্তবায়িত হবে। এর মাধ্যমে ডিজিটাল কনটেন্ট, পডকাস্ট, ভিডিও ও পোস্টারের পাশাপাশি স্টাডি সেন্টারভিত্তিক আলোচনা এবং স্থানীয় পর্যায়ে কমিউনিটি আউটরিচ কার্যক্রম পরিচালনা করা হবে। বাউবির বিস্তৃত শিক্ষা নেটওয়ার্ককে কাজে লাগিয়ে শিক্ষার্থী ও স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা ও অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে নভেম্বর ও ডিসেম্বর ২০২৬ সময়ে ধাপে ধাপে এসব কার্যক্রম বাস্তবায়ন করা হবে’।

সভায় ম্যাজেন্ডা প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক ও বাউবির ওপেন স্কুলের অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিন, প্রকল্পের গবেষক ও বাউবির আইকিউএসি’র সাবেক পরিচালক এবং কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম এবং উপ-প্রকল্প ব্যবস্থাপক ও বাউবির ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক ড. মো. মিজানুর রহমান উপস্থিত ছিলেন।



মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)